কালের কণ্ঠ

তারিখ ... 17 AUG 2015
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৬

নতুন পে স্কেল

# বেসরকারি শিক্ষকদের অন্তর্ভুক্তির দাবি

নিজস্ব প্রতিবেদক ▷

অষ্টম জাতীয় বেতন স্কেলে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের অন্তর্ভুক্তির দাবি জানিয়েছে জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট। পাশাপাশি শর্তপূরণকারী শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্তির দাবি জানানো হয়েছে। গতকাল রবিবার জাতীয় প্রেসক্লাবের সামনে অবস্থান কর্মসূচির মাধ্যমে সংগঠনটি এসব দাবি জানায়।

আন্দোলনকারীরা জানান, আগের প্রতিটি পে স্কেলে বেসরকারি শিক্ষক-কর্মচারীরা অন্তর্ভুক্ত ছিলেন। দেশের ৮০ শতাংশ শিক্ষার্থী বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে পড়াশোনা করে। সিলেবাসও সরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মতোই। বেসরকারি শিক্ষকরা পরিশ্রমও কম করেন না। এ অবস্থায় তাঁদের নতুন পে স্কেল না দেওয়া অযৌক্তিক। আন্দোলনকারীরা এ বিষয়ে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করেন।

কর্মসূচিতে বক্তব্য দেন ফ্রন্টের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক, আহবায়ক অধ্যক্ষ মোহাম্মদ আলী চৌধুরী, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলাম প্রমুখ।